



আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড
অ্যাডমিনিস্ট্রেশন ডিপার্টমেন্ট
প্রধান কার্যালয়, ঢাকা।

তারিখ : ১১ মাঘ ১৪২৯
২৫ জানুয়ারি ২০২৩

প্রশাসনিক পরিপত্র নং- ০৩/২০২৩

আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড এর “বিভাগীয় মামলা নিষ্পত্তিকরণ/শৃঙ্খলা/আপিল ও জ্যেষ্ঠতা নির্ধারণ কমিটি” নিম্নোক্ত সদস্যগণের সমন্বয়ে পুনর্গঠন করা হলোঃ

০১. অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা অপারেশনাল উইং	আহবায়ক
০২. উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা ইন্টারনাল কন্ট্রোল অ্যান্ড ব্রাঞ্চ অ্যাফেয়ার্স ডিভিশন ও মার্চেন্টাইজিং ডিভিশন	সদস্য
০৩. উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা অপারেশনস্ ডিভিশন ও আইসিটি অ্যান্ড ভেঞ্চার ক্যাপিটাল ডিভিশন	সদস্য
০৪. সিনিয়র প্রিন্সিপাল অফিসার প্রেষণে নিয়োজিত	সদস্য
০৫. ডিপার্টমেন্ট প্রধান লিগ্যাল অ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট	সদস্য

০২। কমিটির কার্যপরিধিঃ


(ক) আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৪, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ কর্মচারী প্রবিধানমালা, ২০২১ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং কোম্পানির পরিচালনা পর্ষদ কর্তৃক প্রদত্ত সিদ্ধান্তের আলোকে শৃঙ্খলাজনিত বিষয়ে আনীত অভিযোগ, অভিযুক্তের জবাব ইত্যাদি পর্যালোচনাপূর্বক গঠিত তদন্ত কমিটি/তদন্ত কর্মকর্তার প্রতিবেদন বিচার বিশ্লেষণপূর্বক যথাযথ সুপারিশমালা কর্তৃপক্ষ বরাবর উপস্থাপন করবে;

(খ) সংশ্লিষ্ট কর্মচারীর আপিল আবেদন যাচাই-বাছাইপূর্বক আপিল কর্তৃপক্ষ সমীপে সুপারিশ উপস্থাপন করবে।

০৩। কমিটির আহবায়কের অনুপস্থিতিতে কমিটির জ্যেষ্ঠতম সদস্য আহবায়কের দায়িত্ব পালন করবেন।

০৪। আইসিবি হতে প্রেষণে নিয়োজিত সিনিয়র প্রিন্সিপাল অফিসার এর মধ্যে জ্যেষ্ঠতম কর্মকর্তা কমিটির সদস্য হিসেবে দায়িত্ব পালন করবেন।

০৫। অ্যাডমিনিস্ট্রেশন ডিপার্টমেন্টের প্রধান/জ্যেষ্ঠতম কর্মকর্তা সভায় সাচিবিক দায়িত্ব পালন করবেন।


(মাজেদা খাতুন)
প্রধান নির্বাহী কর্মকর্তা

বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ০১। সকল ডিপার্টমেন্ট প্রধান, আইসিএমএল প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। প্রধান নির্বাহী কর্মকর্তার সচিবালয়, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। সকল অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। সকল উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৫। শাখা প্রধান, আইসিএমএল শাখাসমূহ।
- ০৬। অফিস কপি।

অনুলিপি (কোম্পানির ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

ডিপার্টমেন্ট প্রধান, কম্পিউটার ডিপার্টমেন্ট, আইসিএমএল, প্রধান কার্যালয়, ঢাকা।